

উচ্চ শিক্ষায় অ্যাক্রেডিটেশন বিষয়ক উদ্বুদ্ধকরণ কর্মশালা (২৪ জুন ২০২৫ খ্রি.)

স্থানঃ কনফারেন্স রুম, প্রশাসনিক ভবন, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

২৪ জুন ২০২৫ খ্রি. তারিখে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি) এর আয়োজনে এবং শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের সার্বিক সহযোগিতায় অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য, ট্রেজারার, সকল ডিন, IQAC এর পরিচালক, IQAC এর অতিরিক্ত পরিচালক, সকল ইন্সটিটিউটের পরিচালক, রেজিস্ট্রার, সকল বিভাগীয় প্রধান এবং অন্যান্য সিনিয়র কর্মকর্তাবৃন্দের অংশগ্রহণে অনুষ্ঠিত হলো উচ্চ শিক্ষায় অ্যাক্রেডিটেশন বিষয়ক উদ্বুদ্ধকরণ কর্মশালা। কর্মশালায় স্বাগত বক্তব্য প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের IQAC এর পরিচালক প্রফেসর ড. মোঃ রজ্জব আলী। কর্মশালার বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় ট্রেজারার প্রফেসর মুহাম্মদ আবুল বাশার, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ আব্দুল লতিফ এবং কর্মশালায় সভাপতিত্ব করেন কাউন্সিলের মাননীয় পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. এস, এম, কবীর। ধন্যবাদ জ্ঞাপন করেন কাউন্সিলের অ্যাক্রেডিটেশন বিভাগের পরিচালক প্রফেসর নাসির উদ্দীন আহাম্মেদ। এছাড়া কাউন্সিলের পক্ষ থেকে উপস্থিত ছিলেন কাউন্সিলের অ্যাক্রেডিটেশন বিভাগের উপপরিচালক জনাব ফারজানা শারমিন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন কাউন্সিলের পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. এস, এম, কবীর। কর্মশালার প্রশ্নোত্তর পর্বে ইউনিভার্সিটির সংশ্লিষ্ট শিক্ষকমন্ডলী অ্যাক্রেডিটেশনের সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে প্রশ্ন করেন এবং কর্মশালার মূল প্রবন্ধ উপস্থাপক তাদের সকল প্রশ্নের প্রেক্ষিতে বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান করেন।











